

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
রাজস্ব বিভাগ
এস্টেট শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

“ফ্লোর/অফিস স্পেস ভাড়া সংক্রান্ত উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি”

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মালিকানাধীন বি.আর.টি.সি. মার্কেট সংলগ্ন উত্তর দিকে নব নির্মিত ভবনে ২য় ও ৩য় তলার ২টি ফ্লোর প্রতি ফ্লোর ১৪৮৭.৭৬ বর্গফুট (কম/বেশি) ৫(পাঁচ) বছরের জন্য ভাড়া প্রদানের নিমিত্ত দরখাস্ত আহ্বান করা হচ্ছে। প্রতি বর্গফুট ভাড়া উল্লেখপূর্বক জামানত হিসেবে মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুকূলে প্রতি ফ্লোরের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পে-অর্ডারসহ আগামী ০৩/০৮/২০১৭খ্রিঃ তারিখে সিটি কর্পোরেশনের ২য় তলায় রক্ষিত বক্সে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে দরপত্র দাখিল করতে হবে। উক্ত তারিখে ১২.৩০ ঘটিকার সময় দরপত্র বক্স উপস্থিত আবেদনকারীগণের সম্মুখে খোলা হবে (যদি কেহ উপস্থিত থাকেন)। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত আবেদনকারীকে সরকার কর্তৃক ধার্যকৃত ভ্যাট, ট্যাক্স, উৎস কর বিধি মোতাবেক পরিশোধ করতে হবে। সফলকাম দরদাতাকে ২ (দুই) বৎসর ৬ (ছয়) মাসের অগ্রীম ভাড়া জমা প্রদান করতে হবে। যা ভাড়ার সাথে ৫০% সমন্বয় করা হবে। দরপত্র ফরম প্রতিটি ১,০০০/- টাকা, পে-অর্ডারের মাধ্যমে মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর অনুকূলে (অফেরতযোগ্য) মূল্যে ০২/০৮/২০১৭খ্রিঃ পর্যন্ত ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না। চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন বা সকল আবেদন গ্রহণ / বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। সর্বোচ্চ ভাড়া প্রদানকারী ব্যতীত অন্যান্যদের জামানত বিধি মোতাবেক ফেরত প্রদান করা হবে।

কর্তৃপক্ষ
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং-চসিক/রাঃ বিঃ/এস্টেট/৬৬৬ (৫)/১৭

তারিখ : ১২/৭/১৭